

স্মারক নং-৪৬.০২.১৫০০.০০০.৯৯.০১০.২২. ২১ ৭০,

তারিখ : ২৬/০৬/২০২২ইং।

২০২২-২০২৩ অর্থ বৎসরের "সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্যক্রয়ের লক্ষ্যে" ঠিকাদারী লাইসেন্স নবায়ন এবং তালিকাভুক্তি বিজ্ঞপ্তি :

এতদ্বারা স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম জেলার আওতায় নির্বাহী প্রকৌশলীর দপ্তরের "সীমিত দরপত্র পদ্ধতির আওতায় ৩(তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয়ের লক্ষ্যে" তালিকাভুক্ত সকল ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান সমূহের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ২০২২-২০২৩ অর্থ বৎসরের জন্য ঠিকাদারী লাইসেন্স নবায়ন করা হবে। নবায়ন ফি বাবদ ২০০০/= (দুই হাজার) টাকা এবং নবায়ন ফি এর উপর ১৫% ভ্যাট বাবদ ৩০০/= (তিনশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড, চট্টগ্রাম শাখায় ট্রেজারী চালানোর মাধ্যমে নির্ধারিত কোডে জমা প্রদান পূর্বক অত্র দপ্তর হতে ঠিকাদারী লাইসেন্স নবায়ন করা যাবে। তাছাড়া নতুন তালিকাভুক্তির জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক উল্লিখিত তারিখের মধ্যে আবেদন ফরম পূরণ পূর্বক জমা প্রদান করতে হবে।

শর্তাবলী অনুসরণীয়

- নবায়ন ফি কোড নম্বর : ১-৩৭৩১-০০০০-১৮৫৪ এবং ভ্যাট কোড নম্বর : ১-১১৩৩-০০২৫-০৩১১। বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড, চট্টগ্রাম শাখায় ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করতে হবে। নবায়ন করার জন্য চালানোর মূল কপি লাইসেন্স বহির সহিত জমা প্রদান করতে হবে।
- ২০২২-২০২৩ অর্থ বৎসরের ট্রেড লাইসেন্স নবায়ন থাকতে হবে।
- ভ্যাট রেজিস্ট্রেশন (১২ডিজিট নম্বর সম্বলিত) এর সনদপত্রের কপি থাকতে হবে।
- আয়কর হালনাগাদ থাকতে হবে।
- ঠিকাদারী লাইসেন্স নবায়ন করার তারিখ : বিনা জরিমানায় ২৯/১২/২০২২ পর্যন্ত এবং পরবর্তীতে ১০০% জরিমানায় সরকারী কোষাগারে ১নং ক্রমিকে বর্ণিত কোডে ফি জমা দিয়ে নবায়ন করা যাবে।
- লাইসেন্স নবায়ন ব্যতীত ২০২২-২০২৩ অর্থ বৎসরে এলজিইডি'র অঞ্চল ভিত্তিক সকল দপ্তরের সীমিত দরপত্রে অংশগ্রহণ করা যাবে না।
- নতুন তালিকাভুক্তির আবেদন জমা দেয়ার শেষ তারিখ : ৩১/১০/২০২২ইং। আবেদনের সহিত ১০০০/= (এক হাজার টাকা) পে-অর্ডার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চট্টগ্রাম অনুকূলে জমা প্রদান করতে হবে। পে-অর্ডার ব্যতীত কোন আবেদন ফরম অথবা নির্ধারিত তারিখের পর কোন আবেদন দাখিল গ্রহণযোগ্য হবে না।

(এ. কে. এম আমিরুজ্জামান)

নির্বাহী প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা-চট্টগ্রাম।

e-mail: xen.chattogram@lged.gov.bd

তারিখ : ২৬/০৬/২০২২ইং।

স্মারক নং-৪৬.০২.১৫০০.০০০.৯৯.০১০.২২. ২১ ৭০/১৩৬)

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হইল :

- অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম বিভাগ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন/প্রশিক্ষণ/প্রকল্প/রক্ষনাবেক্ষণ), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, জেলাঃ চট্টগ্রাম।
- জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- পুলিশ সুপার, চট্টগ্রাম।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ,....., চট্টগ্রাম।
- চেয়ারম্যান,..... পৌরসভা, চট্টগ্রাম।
- নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা.....।
- নির্বাহী প্রকৌশলী, সওজ/জঃস্বঃপ্রঃঅঃ/গণপূর্ত/পানি উন্নয়ন বোর্ড/বিউবো, চট্টগ্রাম।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা,....., চট্টগ্রাম।
- উপজেলা প্রকৌশলী, এলজিইডি,....., চট্টগ্রাম।
- সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ/পৌরসভা,....., চট্টগ্রাম।
- সম্পাদক, দৈনিক মুক্তবর/দৈনিক আজকের চট্টগ্রাম, জেলাঃ চট্টগ্রাম। আপনাকে বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে (আকার : ০৪ কলাম x ০৭ ইঞ্চি) আগামী ২৭/০৬/২০২২ ইং তারিখ ১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
- অত্র দপ্তরের নোটিশ বোর্ডে দেখা যেতে পারে।
- অফিস কপি।

(এ. কে. এম আমিরুজ্জামান)

নির্বাহী প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলা-চট্টগ্রাম।

e-mail: xen.chattogram@lged.gov.bd